

স্মারক নং- রুয়েট/জস/১৮৯/২০২৫

তারিখঃ ২৫ মে ২০২৫ খ্রিঃ

রুয়েটে নতুন নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের নিয়ে পেশাগত উন্নয়ন শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) নতুন নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের নিয়ে আজ রবিবার (২৫ মে) সকালে বিশ্ববিদ্যালয়ের হল রুমে ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর উদ্যোগে "Professional Development of Newly Recruited Assistant Professors, Associate Professors and Professors of RUET" শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক ও অধ্যাপক পদে নতুন নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ অংশ নেন। সেমিনারটি সকাল সাড়ে ৮ টায় থেকে দুপুর সোয়া ২ টায় পর্যন্ত চলে। সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুর রাজ্জাক।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুর রাজ্জাক বলেন, “নতুন নিয়োগপ্রাপ্ত শিক্ষকবৃন্দকে রুয়েট পরিবারের পক্ষ জানাই শুভেচ্ছা। রুয়েট একটি গবেষণানির্ভর উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান, যেখানে মানসম্মত শিক্ষা ও উদ্ভাবনী গবেষণার সমন্বয়ে জ্ঞানচর্চা হয়। দায়িত্বশীলতা, দক্ষতা ও নৈতিকতা দিয়ে আপনারা বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন। আজকের সেমিনার আপনাদের পেশাগত উন্নয়নে সহায়ক হবে বলে আমি বিশ্বাস করি। শিক্ষা ও গবেষণার মাধ্যমে রুয়েটকে আরও এগিয়ে নিতে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।”

আইকিউএসি এর পরিচালক অধ্যাপক ড. মো. ইমদাদুল হকের সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন- ফলিত বিজ্ঞান ও মানবিক অনুষদের ডীন অধ্যাপক ড. মো. আব্দুল কাদের জিলানী, তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষদের ডীন অধ্যাপক ড. বশির আহমেদ, যন্ত্রকৌশল অনুষদের ডীন অধ্যাপক ড. মো. নূরুল ইসলাম। শুভেচ্ছা বক্তব্য রাখেন আইকিউএসি এর অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. সাজ্জাদ হোসেন।

সেমিনারে রিসোর্স পারসন ছিলেন রুয়েটের ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজী (আইআইসিটি) এর পরিচালক ড. মো. শহীদ উজ্জ জামান, বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট এর প্রোডাকশন ম্যানেজমেন্ট বিভাগের বিভাগীয় প্রধান ও সিনিয়র ম্যানেজমেন্ট কাউন্সিলর ড. মো. মামুনুর রশীদ।

এদিকে বিশ্ববিদ্যালয়ের হল রুমে দুপুর আড়াই থেকে সন্ধ্যা সোয়া ৭ টা পর্যন্ত ল্যাভে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে পেশাগত উন্নয়ন শীর্ষক এক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কর্মশালাটি প্রধান অতিথি হিসেবে উদ্বোধন উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুর রাজ্জাক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসি এর পরিচালক অধ্যাপক ড. মো. ইমদাদুল হক। শুভেচ্ছা বক্তব্য রাখেন আইকিউএসি এর অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. সাজ্জাদ হোসেন। প্রশিক্ষণ কর্মশালায় রিসোর্স পারসন ছিলেন বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট এর প্রোডাকশন ম্যানেজমেন্ট বিভাগের বিভাগীয় প্রধান ও সিনিয়র ম্যানেজমেন্ট কাউন্সিলর ড. মো. মামুনুর রশীদ।

বার্তা প্রেরক-

স্বাক্ষরিত/-

উপ-পরিচালক

জনসংযোগ দপ্তর

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়